দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 19 SEP 2015 ...
পৃষ্ঠা ...১৯... কলাম ...৩...

# মেডিক্যাল ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়নি

■ বিশেষ প্রতিনিধি

দেশের মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস নিয়ে গতকাল পরীক্ষার্থীদের মুখে মুখে আলোচনা বিষয় ছিল। 'ডক্টরস ক্যাফে' নামে ফেসবুকের একটি আইডিতে প্রশ্নপত্র পাওয়া গেছে-এমন বিষয় নিয়ে আইন-শৃঙ্খলা বাহিনী তদন্তে নামে। র‍্যাব বিভিন্ন নিয়োগ ও ভর্তি পরীক্ষায় একটি জালিয়াতি চক্রকে গ্রেফতার করলেও তাদের কাছ থেকে মেডিক্যালে ভর্তি পরীক্ষার কোন প্রশ্নপত্র উদ্ধার করতে পারেনি। র‍্যাবের লিগ্যাল এন্ড মিডিয়া শাখার পরিচালক কমান্ডার মুফতি মাহমুদ খান বলেন, মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষায় জালিয়াতিতে সহযোগিতা করার একটি চক্রকে গ্রেফতার করা হয়েছে। এদের কাছ থেকে ভর্তি পরীক্ষার কোন প্রশ্নপত্র পাওয়া যায়নি।

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মোহাম্মদ নুরুল হক বলেন, যে নিরাপত্তা ব্যবস্থায় এই প্রশ্নপত্র তৈরি করা হয় তা ফাঁস হওয়ার প্রশ্নই ওঠে না। তবে একটি অসাধু চক্র পরীক্ষার কেন্দ্র থেকে প্রযুক্তিগত পদ্ধতি ব্যবহার করে পরীক্ষার্থীদের সহযোগিতা করে। ওই চক্রটিকে র‍্যাব গ্রেফতার করেছে। এছাড়া বিভিন্ন কোচিং সেন্টার ভর্তির পরীক্ষার প্রশ্নপত্রের আদলে প্রশ্নপত্র তৈরি করে পরীক্ষার্থীদের কাছে বিক্রি করেছে। ওইসব প্রশ্নপত্র থেকে ২/৩ টি প্রশ্ন কমন ছিল বলেই অনেকেই ধারণা করছে, প্রশ্নপত্র ফাঁস হয়েছে। আসলে এটি একটি প্রতারক চক্র।

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, সারাদেশে সুষ্ঠুভাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেনি। এটি একটি অপপ্রচার।